



নেত্রকোনা পৌরসভা কার্যালয়

নেত্রকোনা।

স্থাপিত-১৮৮৭ খ্রিঃ

দুরালাপনী : ০৯৫১-৬২৫২৭, ০৯৫১-৬১৪০২, ফ্যাক্স : ০৯৫১-৫১০৭১,

ই-মেইল : netrakonapourashava@gmail.com



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং : নেত্র/পৌর/প্রশাঃ/২০২০/৩৬১/১

তারিখ : ০৯/১১/২০২০ খ্রিঃ

প্রাপক :-

জনাব.....

মেয়র / কাউন্সিলর.....নং ওয়ার্ড, নেত্রকোনা পৌরসভা ও

সম্মানিত সদস্য, 'যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটি'

নেত্রকোনা পৌরসভা।

বিষয়ঃ- 'যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটি'র সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নেত্রকোনা পৌরসভায় গঠিত 'যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটি'র সভা আগামী-১২/১১/২০২০ খ্রিঃ, রোজ ঃ-বৃহস্পতিবার, বেলা- ১২.০০ ঘটিকায় নেত্রকোনা পৌরসভার সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(রফিকুল ইসলাম)

সভাপতি

'যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটি'

ও

কাউন্সিলর, ০৭নং ওয়ার্ড

নেত্রকোনা পৌরসভা।

আলোচ্য সূচীঃ- ১। বিগত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।

২। ২০২০-২০২১ অর্থবছরে প্রস্তাবিত বাজেট হতে যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন পরিকল্পনা

বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

৩। বিবিধ

স্মারক নং-নেত্র/পৌর/প্রশাঃ/২০২০/৩৬১/১(২)

অনুলিপি অবগতি/সভায় উপস্থিত থাকার জন্য প্রেরণ করা হলো।

০১। সহকারী প্রকৌশলী, নেত্রকোনা পৌরসভা।

০২। সংরক্ষণ।

তারিখ :- ০৯/১১/২০২০ খ্রিঃ।

(রফিকুল ইসলাম)

সভাপতি

'যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটি'

ও

কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড

নেত্রকোনা পৌরসভা।



সভা নং-২০

অদ্য- ১২/১১/২০২০ খ্রিঃ অনুষ্ঠিত “যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটির” সভার কার্যবিবরণী।

সভাপতি :- জনাব রফিকুল ইসলাম

কাউন্সিলর ০৭ নং ওয়ার্ড, নেত্রকোণা পৌরসভা।

সভার স্থান :- পৌর মিলনায়তন, নেত্রকোণা পৌরসভা।

সভার তারিখ :- ১২/১১/২০২০ খ্রিঃ।

বার :- বৃহস্পতিবার

সময় :- বেলা :- ১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্য বৃন্দ

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব রফিকুল ইসলাম	কাউন্সিলর	স্বাক্ষরিত
০২	জনাব মোঃ নজরুল ইসলাম খান	মেয়র	স্বাক্ষরিত
০৩	জনাব মোহাম্মৎ শামীম আরা খানম	কাউন্সিলর	স্বাক্ষরিত
০৪	জনাব শিমুল চৌধুরী বেবী	কাউন্সিলর	স্বাক্ষরিত
০৫	জনাব মোঃ ফজলুল হক	কাউন্সিলর	স্বাক্ষরিত

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

আলোচ্য সূচী :-০১ বিগত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।

আলোচনা ও সিদ্ধান্ত :- সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র পৌরসভার সচিব সাহেব বিগত- ৩১/০৮/২০২০ খ্রিঃ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানোর পর সম্মানিত সদস্যদের পক্ষ থেকে কোনরূপ পরিবর্তন/পরিবর্ধনের প্রয়োজন না থাকায় তাহা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো।

আলোচ্য সূচী :-০২ ২০২০-২০২১ অর্থবছরে প্রস্তাবিত বাজেট হতে যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা :- সভাপতি মহোদয় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ পূর্বক সভায় বলেন যে, ২০১৯-২০২০ অর্থবছরে পৌরসভার কর্তৃক ৭৯,০০,০০০ (উনআশি লক্ষ) টাকা ব্যয়ে গৃহিত প্রকল্প সমূহের অগ্রগতির হার শতভাগ। পৌরসভার বাউন্ডারি ওয়াল, নতুন গেইট, ভবন রং, রাস্তা ও ড্রেনের কাজ সমাপ্ত হয়েছে। ২০২০-২০২১ অর্থবছরে বরাদ্দ অনুযায়ী প্রকল্পের তালিকা তৈরি করার জন্য সহকারী প্রকৌশলী কে নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রকল্পের তালিকা প্রস্তুতের পর ২০২০-২০২১ অর্থবছরের দরপত্র কার্যক্রম গ্রহণ করা হবে। করোনা ভাইরাস পরিস্থিতির কারণে দরপত্র কার্যক্রম প্রক্রিয়া কিছুটা বিলম্বিত হয়েছে। পৌরসভার যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন ব্যবস্থার আওতায় যে কয়েকটি রাস্তার কাজ চলমান ছিল তার প্রত্যেকটি কাজই বর্তমানে দ্রুত গতিতে এগিয়ে চলছে। তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ সেক্টর (UGIIP-III) প্রকল্পের আওতায় ১ টি প্যাকেজের ১৬,৬০,০০,০০০/= (ষোল কোটি ষাট লক্ষ) টাকা ব্যয়ে ৪০ টি রাস্তা ও ড্রেন নির্মাণের প্রকল্পের আওতায় সবগুলো রাস্তায় ডিসেম্বর মাসের মধ্যে সমাপ্ত করা হবে মর্মে আশা প্রকাশ করেন। ড্রেন নির্মাণ প্রকল্পে যদি কোন সমস্যা না থাকে তাহলে দ্রুত সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পাদন করার জন্য সহকারী প্রকৌশলী কে মৌখিকভাবে বলা হলো। এছাড়া গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো (IUIDP-2) উন্নতিকরণ সেক্টর প্রকল্পের আওতায় প্রায় ১০,০০,০০,০০০/= (দশ কোটি) টাকা ব্যয়ে ৩৭ টি রাস্তা ও ড্রেন নির্মাণের কাজ চলমান আছে। স্বাস্থ্যবিধি মেনে দ্রুতগতিতে কাজ